

জাতীয়

জাতিসংঘ নির্বাচনে মার্কিন প্রার্থীদের প্রতি বাংলাদেশের সমর্থন চায় যুক্তরাষ্ট্র



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৮ অক্টোবর ২০২৬, ০৯:৫১ PM



রোহিঙ্গাদের জন্য আর্থিক সহায়তা বাড়ানোর সিদ্ধান্তের কথা বাংলাদেশকে জানিয়েছে যুক্তরাষ্ট্র। একই সঙ্গে জাতিসংঘ ও এর বিভিন্ন সংস্থার আসন্ন নির্বাচনে মার্কিন প্রার্থীদের প্রতি বাংলাদেশের সমর্থন চেয়েছে দেশটি।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রবিষয়ক প্রতিমন্ত্রী শামা ওবায়েদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে ঢাকায় নিযুক্ত মার্কিন চার্জ দ্য অ্যাফেয়ার্স এরিক গিলান এসব বিষয় জানান।

সাক্ষাতে মানবপাচার ও যুক্তরাষ্ট্রের বার্ষিক মানবপাচার প্রতিবেদন (টিআইপি), জ্বালানি, বিশেষ করে এলপিজি, শিক্ষা ও প্রশিক্ষণ এবং ফুলট্রাইট কমিশনসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

মার্কিন চার্জ দ্য অ্যাফেয়ার্স জানান, রোহিঙ্গাদের জন্য যুক্তরাষ্ট্রের সহায়তা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে মার্কিন সরকার। পাশাপাশি জাতিসংঘ ও এর সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার আসন্ন নির্বাচনে যুক্তরাষ্ট্রের প্রার্থীদের প্রতি বাংলাদেশের সমর্থন কামনা করেন তিনি।

এ সময় বাংলাদেশের উচ্চপর্যায়ের প্রতিনিধি দলের সাম্প্রতিক সিলিকন ভ্যালি সফর নিয়েও জানতে চান এরিক গিলান।

জবাবে প্রতিমন্ত্রী শামা ওবায়েদ রোহিঙ্গাদের জন্য মার্কিন আর্থিক সহায়তা বাড়ানোর সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে ধন্যবাদ জানান।

জাতিসংঘ ও সংশ্লিষ্ট সংস্থাগুলোর নির্বাচনে মার্কিন প্রার্থীদের সমর্থনের অনুরোধগুলো যথাযথভাবে বিবেচনার আশ্বাস দেন তিনি।

সিলিকন ভ্যালি সফর প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, ক্যালিফোর্নিয়ার সফরটি সফল হয়েছে। সেখানে প্রযুক্তি খাতের বড় প্রতিষ্ঠান এবং বিভিন্ন স্টার্ট-আপ ও প্রযুক্তি কোম্পানির প্রধান নির্বাহীদের সঙ্গে বাংলাদেশের প্রতিনিধিদলের বেশ কয়েকটি ফলপ্রসূ বৈঠক হয়েছে।

এ বিভাগের আরও খবর




দেশে এত গ্র্যাঞ্জুয়েট, তবু প্রতিষ্ঠান পরিচালনায় বিদেশি কর্মী কেন
দেশে স্থায়ী হয়েছে ৫০ বছরের বেশি হয়ে গেছে। প্রতি বছর অসংখ্য গ্র্যাঞ্জুয়েট বের হচ্ছে। দেশে এত গ্র্যাঞ্জুয়েট, তবু বিভিন্ন কোম্পানিতে স্থাপনা, বন...



প্রতিটি ইউনিয়নে খেলার মাঠ গড়ে তোলার নির্দেশ প্রধানমন্ত্রীর
দেশের প্রতিটি ইউনিয়নে খেলার মাঠ গড়ে তুলে শিশু-কিশোর ও তরুণদের জন্য সুস্থ, সুন্দর ও ক্রীড়াবান্ধব পরিবেশ নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী...



মুক্তবাণিজ্য অঞ্চল ও ইনল্যান্ড কনটেইনার ডিপোতে ডিপি ওয়ার্ল্ডের বিনিয়োগ চান প্রধানমন্ত্রী
বাংলাদেশে মুক্ত বাণিজ্য অঞ্চল (ফ্রি ট্রেড জোন) এবং রেলভিত্তিক ইনল্যান্ড কনটেইনার ডিপো (আইসিডি) স্থাপনসহ বিভিন্ন খাতে
বিনিয়োগে এগিয়ে আসার জন...



মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সংরক্ষণ ও মুক্তিযোদ্ধাদের মর্যাদা নিশ্চিত করতে হবে: রাষ্ট্রপতি
মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সংরক্ষণ এবং প্রকৃত মুক্তিযোদ্ধাদের যথাযথ স্বীকৃতি ও মর্যাদা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি
মির্জা ফখরুল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/jatisnggh-nirbachne-markin-prarthider-prti-bangladesher-smrthn-chay-juktrashttr>